দৈনিক ইত্তেফাক

তারিখ ..... 9 JUN 2009
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ......

# বেসরকারি স্কুল কলেজের ম্যানেজিং কমিটির জন্য নতুন নীতিমালা

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ব্যবস্থাপনা ও পরিচালনার জন্য উচ্চ মাধ্যমিক স্তরের জন্য গভর্নিং বডি এবং মাধ্যমিক স্তরের জন্য ম্যানেজিং কমিটির প্রজ্ঞাপন জারি করেছে সরকার। গতকাল সোমবার এ প্রজ্ঞাপন জারি করা হয়। এ কমিটি ও বডিতে স্থানীয় সংসদ সদস্যদের চারটির বেশি শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি হতে না পারলেও সভাপতি মনোনয়নে তাকে যথেষ্ট ক্ষমতা দেয়া হয়েছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটি/ ম্যানেজিং কমিটি/ গভর্নিং বডির গঠন ও অনুমোদন সংক্রান্ত চলতি বছরের ১৪ জানুয়ারি জারি করা পরিপত্র বাতিল করে নতুন এ প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

একজন সংসদ সদস্য শিক্ষা বোর্ড অনুমোদিত সর্বোচ্চ চারটি শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি হতে পারবেন। অন্যান্য প্রতিষ্ঠানের উচ্চ মাধ্যমিক স্তরে গভর্নিং বডি এবং মাধ্যমিক স্তরে ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনের জন্য প্রতিষ্ঠান প্রধান, স্থানীয় নির্বাচিত সংসদ সদস্য ও শিক্ষানুরাগীদের সঙ্গে আলোচনা করে সংরক্ষিত আসনের জাতীয় সংসদ সদস্য, স্থানীয় (২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## বেসরকারি স্কুল

(প্রথম পৃঃ পর)

জনপ্রতিনিধি, প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা, সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থার অবসরপ্রাপ্ত প্রথম শ্রেণীর কর্মকর্তা, স্থানীয় শিক্ষানুরাগী ব্যক্তি বা স্থানীয় খ্যাতিমান সমাজসেবগণের মধ্য থেকে তিন ব্যক্তির নাম বোর্ডের নাম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রেরণ করবেন। বোর্ড চেয়ারম্যানই সভাপতি মনোনীত করবেন। কাউকে দুই শিক্ষা প্রতিষ্ঠানের বেশি শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি মনোনীত করা যাবে না।

এছাড়া শিক্ষকদের মধ্যে থেকে ভোটের মাধ্যমে নির্বাচিত দুইজন সাধারণ শিক্ষক, মহিলা শিক্ষকগণের মধ্যে থেকে তাদের ভোটে নির্বাচিত একজন সংরক্ষিত মহিলা সদস্য, প্রতিষ্ঠাতা সদস্যদের ভোটে একজন প্রতিষ্ঠাতা সদস্য , দাতাদের মধ্যে থেকে একজন সদস্য নির্বাচিত হবে। কমিটির প্রথম সভায় একজন সদস্য কো-অপ্ট করা যাবে।

এছাড়া মাধ্যমিক স্তরের জন্য নবম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের মধ্য থেকে মাধ্যমিক স্তরের সকল অভিভাবকের ভোটে নির্বাচিত চারজন সাধারণ সদস্য নির্বাচিত হবেন। তবে প্রাথমিক শাখা যুক্ত থাকলে প্রাথমিক স্তরের চতুর্থ শ্রেণী পর্যন্ত দুইজন নির্বাচিত হবেন সংশ্লিষ্ট শ্রেণীর শিক্ষার্থীদের অভিভাবকদের ভোটে। অন্য দুইজন নির্বাচিত হবেন নবম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের অভিভাবকের মধ্যে থেকে। নবম শ্রেণীর শিক্ষার্থীদের মহিলা অভিভাবকদের মধ্য থেকে মাধ্যমিক স্তরের সকল অভিভাবকের ভোটে নির্বাচিত একজন সংরক্ষিত মহিলা অভিভাবক। উচ্চ মাধ্যমিক স্তরের গভর্নিং বডির জন্য একাদশ শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অভিভাবকদের মধ্য থেকে একাদশ ও দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থীদের অভিভাবকদের ভোটে নির্বাচিত চারজন সদস্য, এভাবেই নির্বাচিত একজন মহিলা অভিভাবক সদস্য নির্বাচিত হবেন। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান সচিব হবেন। কমিটির মেয়াদ দুই বছর।